

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩২

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মু'মিনদের প্রাসাদের সাথে সাদৃশ্য দিয়েছেন, যার একাংশ অপরাংশকে আঁকড়ে ধরে

ذِكْنُ تَمْثِيلِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الْمُؤْمِنِينَ بِالْبُنْيَانِ الَّذِي يُمْسِكُ بَعْضُهُ بَعْضًا

আরবী

أَخْبَرَنَا بَكْرُ بْنُ مُحَمَّد بْنِ عَبْدِ الْوَهَّابِ الْقَزَّانُ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدَةَ حَدَّثَنَا عَمْرُو بْنُ عَلِيِّ بْنِ مُقَدَّمٍ حَدَّثَنَا سُفْيَانُ التَّوْرِيُّ عَنِ بْنِ أَبِي بُرْدَةَ عَنْ أَبِيهِ عَنْ أَبِي مُوسَى قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "مَثَلُ الْمُؤْمِنِينَ فِيمَا بَيْنَهُمْ كَمَثَلِ الْبُنْيَانِ " قال: وأدخل أصابع يده في الأرض وقال: " يمسك بعضها بعضا". وأدخل أصابع يده في الأرض وقال: " يمسك بعضها بعضا". الراوي: أبو مُوسَى ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 232 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৩২. আবু মুসা আল আশ'আরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "মুসলিমদের পারস্পরিক দৃষ্টান্ত হলো প্রাসাদের ন্যায়।" রাবী বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর হাতের আঙ্গুলগুলো মাটির ভিতর ঢুকিয়ে দেন এবং বলেন: "এর একাংশ অপরাংশকে আঁকড়ে ধরে।"[1]

ফুটনোট

[1] হুমাইদী: ৭৭২; মুসনাদ আহমাদ: ৪/৪০৪-৪০৫; সহীহ আল বুখারী: ৪৮১; আদাবুল মুফরাদ: ৬০২৬; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৪৬১; নাসাঈ: ৫/৭৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন



আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (তাখরীজু মুশকিলাতুল ফাকরি: ১০৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন